গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | জুলাই ২০২৩ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | জনাব তানিয়া তাবাসসুম, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| সভার তারিখ | : | ২৭.০৭.২০২৩ |
| সময় | : | বিকাল- ১০.৩০ ঘটিকা |

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা জানান যে, জুন/২০২৩ মাসে নেত্রকোণা মডেল থানায় মোট ৩৮ টি মামলা দায়ের হয়েছে। চুরি মামলা ০২টি, চোরাচালান ০৩ টি, নারী ও শিশু নির্যাতন আইনে ০৫ টি, দ্রুত বিচার আইনে ০১টি, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে ১০ টি, ধর্ষন ০৪ টি ও অন্যান্য ধারায় ১৩ টি মামলা দায়ের হয়। তিনি সড়ক দুর্ঘটনা নিয়ে সকলকে সোচ্চার হওয়ার আহবান জানান। জুয়া, মাদক, চুরি ও সামাজিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলেকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | চেয়ারম্যান, মৌগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, একজন গরীব মহিলার গরু চুরি হয়েছে। চোর ধরা পড়লে গরু ফেরত হয়ে যাবে। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৩. | চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৪. | চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৫. | সিংহের বাংলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৬. | আমতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, নেত্রকোণা আটপাড়া রোডে কোনাপাড়া নামক স্থানে রাত্রে পথরোধ করে টাকা পয়সা | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল |

CamScanner

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | নিয়ে যায়। তিনি আরও জানান যে, বিভিন্ন জায়গায় জলাবদ্ধতার সমস্যা আছে। জলাবদ্ধাতা সমাধানের জন্য তিনি সকলের সহযোগিতা চান। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | থানা। |
| ৭. | লক্ষীগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৮. | চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বালুয়াকান্দা ইউনিয়ন পরিষদ ও ফচিকা বাজার এলাকায় সন্ধ্যা সময় মাদক বেচা কেনা হয়। এছাড়া বনোয়াপাড়া রাস্তার উপর বাস স্ট্যান্ড করায় যানজটের সৃষ্টি হয়। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ করেন। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৯. | দক্ষিণ বিশিউড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জেল হাজতে থাকায় উক্ত বিষয়ে বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য প্যানেল চেয়ারম্যান-১ কে বলা হলো। | আগামী সভায় বিধি মোতাবেক উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১০. | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বাইপাস রাস্তায় জমি সংক্রান্ত বিরোধ রয়েছে। জমি নিয়ে এই এলাকায় যে কোন সময় সংঘাত সৃষ্টি হতে পারে। তিনি এ বিষয়ে নজর রাখার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ করেন। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১১. | রৌহা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, বেসরকারি কোচিং সেন্টার হতে ভোট কেন্দ্র পরিবর্তন করে বালিজুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কেন্দ্রে ভোট কেন্দ্র করার জন্য অনুরোধ করেন। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১২. | কে-গাতী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অসুস্থ থাকায় সভায় অনুপস্থিত। আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | আগামী সভায় উপস্থিত সর্বসম্মত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১৩. | চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মদনপুর ইউনিয়ন, দলপা ইউনিয়ন ও ওয়াইলপাড়া ইউনিয়ন সীমান্ত এলাকায় জুয়া খেলা হয়। রাত তিন ঘটিকার সময় মনাং বোর্ডের বাজারে ষাড়ের লড়াইয়ের প্রস্তুতি নেয়া হয়। তিনি জুয়া খেলা ষাড়ের লড়াই বন্ধের জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ করেন। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১৪. | সভাপতি, বাংলাদেশ পুজা উদযাপন কমিটি সভায় জানান যে, পুকুরিয়া মাধব চৌধুরীর বাড়িতে উঠতি বয়সের ছেলেরা মাদক সেবন করে। রাজুর বাজার এলাকায় যানজট মারাত্মক আকার ধারণ করেছে মর্মে সভায় অবহিত করেন। আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |

CamScanner

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৫. | ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশ টহল ও নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ১৬. | মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার জানান যে, স্কুল ও কলেজে যাওয়ার সময় মেয়েরা যাতে ইভটিজিং এর শিকার না হয়। তিনি এ বিষয়ে নজর রাখার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। এ ছাড়া আইন শৃংখলার পরিস্থিতি ভালো। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১৭. | সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা চল্লিশা ইউনিয়নে মহেশকোণা আশ্রয়ণ প্রকল্পে যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সে জন্য তিনি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন। মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রয়েছে। এ ছাড়া আইন শৃংখলার পরিস্থিতি ভালো। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, সদর উপজেলার সাথে প্রথম শ্রেণির পৌরসভা রয়েছে। এখানে পুলিশ, প্রশাসন ও জনপ্রতিনিধি সবাই মিলে কাজ করলে আইন শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভবনা থাকবেনা। আটপাড়া রোডে পুলিশ টহল ও ষাড়ের লড়াই বন্ধের জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়া তিনি ইউনিয়নের ছোট কাটো সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সদর উপজেলায় চুরি, মাদক, জুয়া বন্ধের ব্যাপারে পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি সামনে আগস্ট মাসে স্বাধীনতা বিরোধীরা যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটাতে পারে এবং যাতে কোন অগ্নিসংযোগ না হয় সে বিষয়ে সকলকে সজাগ থাকার অনুরোধ জানান। বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ অনুযায়ী সরকার ঘোষিত জায়গা ছাড়া অন্য কোন জায়গা হতে বালু উত্তোলন করা যাবে না। ট্রান্সফরমার চুরির বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে। সীমান্তে চুরি, পানির জলাবদ্ধতা ও গণউপদ্রব প্রাথমিকভাবে সবাই মিলে মিশে নিরসন করতে হবে। গ্রাম পুলিশদের সহায়তায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি মাদকের ব্যাপকতা, জুয়ার ব্যাপকতা দেখলে মোবাইল কোর্টের মাধ্যমে তা নিয়ন্ত্রণে আনা হবে বলে জানান। এছাড়া তিনি মাদক, ইভটিজিং বিষয়ে কোন ছাড় দেয়া হবে না মর্মে জানান। গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদান এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন।

তিনি চুরি, মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৭/২৬

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

২৭/৭/২৬

CamScanner

৪০ কপি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৬৪৭ তারিখ: ২৭ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী ,সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থে:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক..............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৫. উপজেলা ............................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।

৭. চেয়ারম্যান ...................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৭/৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CS CamScanner